দৈনিক বাংলা

বাংলাদেশ শিল্প তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 04 FEB 1989
পৃষ্ঠা 5 কলাম 7

32

# জনমত

## ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটিতে ছাত্র ভর্তি

বর্তমানে মালয়েশিয়ার আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন 'ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটিতে' ব্যাচেলর মাস্টার ও ডক্টরেট ডিগ্রী কোর্সে প্রচুর সংখ্যক ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে।

জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, নাগরিকত্ব, বয়স, নারী-পুরুষ নির্বিশেষে এখানে ছাত্রছাত্রী ভর্তি করা হয়। পৃথিবীর সব ধনী, তৈল সমৃদ্ধ মুসলিম দেশগুলির অর্থানুকূল্যে পরিচালিত এই বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীকেই বর্তমানে বৃত্তি দেয়া হয়।

এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মাধ্যম ইংরেজী এবং এখানকার 'ডিগ্রীসমূহ' পৃথিবীর সকল দেশেই স্বীকৃত।

বৃত্তি, হোস্টেলের সুবিধা, বার্ষিক খরচ ইত্যাদি সবকিছু জানবার জন্য সরাসরি রেজিস্ট্রারকে চিঠি দিতে হবে।

আগাম ভর্তি না হয়ে কখনো কারো উপদেশেই ঐদেশে যাওয়া উচিৎ নয়।

সার্টিফিকেটসহ সকল যোগাযোগ কেবলমাত্র ইংরাজিতে হতে হবে।

মালয়েশিয়াতে বিদেশী ছাত্রছাত্রীদের পার্ট-টাইম চাকুরী করে পড়তে দেওয়া হয় না।

বর্তমানে ঐখানে যে যে কোর্সে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে, সেগুলো হলো : (১) ইকনমিক্স, (২) আইন, (৩) বিজিনেস, (৪) একাউনটেন্সি, (৫) মেডিসিন, (৬) ইঞ্জিনীয়ারিং, (৭) ডেন্টিস্ট্রি, (৮) আর্কিটেকচার, (৯) সায়েন্স।

এছাড়াও 'ম্যাট্রিকুলেশন কোর্সে'ও এখানে ছাত্রছাত্রী ভর্তি করা হয়। বাংলাদেশের 'সেকেন্ডারী স্কুল সার্টিফিকেট' পাস ছাত্রছাত্রীরাও একটু চেষ্টা করলেই এই কোর্সে ভর্তি হতে পারেন। এই কোর্স পাস করলেই এখানেই 'ব্যাচেলর ডিগ্রী' কোর্সে পড়বার সুযোগ দেওয়া হয়।

প্রাপ্ত দরখাস্তপত্র পূরণ করে প্রতিবছর তিরিশে এপ্রিলের মধ্যে পাঠাতে হবে।

আগ্রহী প্রার্থীর আবেদনপত্র ও অন্যান্য খবরাদির জন্য এখন সার্টিফিকেটসমূহের কোন ফটোকপি পাঠাতে বা পূর্ণাঙ্গ জীবনী লিখতে হবে না। তবে "ইংরেজীতে তরজমাকৃত" মার্কশীটসমূহের ফটোকপি অবশ্যই পাঠাতে হবে। নিচের ঠিকানায় সরাসরি চিঠি দেয়া যেতে পারে। (কুয়ালালামপুর থেকে প্রকাশিত ইংরেজী দৈনিক "নিউ স্ট্রেটস টাইমস" পত্রিকার বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করা হচ্ছে—একথা অবশ্যই উল্লেখ করতে হবে।)

ঠিকানা : রেজিস্ট্রার, "ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি", কুয়ালালামপুর, মালয়েশিয়া।

পুনশ্চঃ কেউ যদি শুভেচ্ছার নিদর্শনস্বরূপ এই সংখ্যা দৈনিক বাংলার একটি কপি আমাকে সরাসরি সাধারণ বুকপোস্টে (সমুদ্রপথে) পাঠান, তাহলে বিশেষ বাধিত হব।

—ডাঃ আবুল হাসান (বুলু),
এমবি,বিএস,
কেয়ার অব পোস্ট মাস্টার,
সিংগাপুর-০১০৪, এশিয়া।